তারিখ ... 25 FEB ...
পৃষ্ঠা ... ২ ...

দৈনিক ইনকিলাব

জাতীয় জাবি চবি রাবি শাবি ও জবিতে নতুন ভিসি নিয়োগ

স্টাফ রিপোর্টার

জাতীয় বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি), রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবি) এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) নতুন ভিসি নিয়োগ করা হয়েছে। গত সোমবার অধ্যাপক ড. মোফাখখারুল ইসলামকে অব্যাহতি দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক কাজী শহীদুল্লাহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি নিয়োগ করা হয়। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও প্রধানমন্ত্রী আগামী ৪ বছরের জন্য তাকে এ নিয়োগ দেন। গত সপ্তাহে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. মোফাখখারুল ইসলাম চ্যান্সেলরের কাছে অব্যাহতি চেয়ে আবেদন করেন। এছাড়া জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক শরিফ এনামুল কবিরকে বিশ্ববিদ্যালয়ের

পৃঃ ২ কঃ ১

বাম থেকে) ড. শরিফ এনামুল কবির, প্রফেসর আব্দুস সোবহান, ড. মেসবাহ উদ্দীন আহমদ

জাতীয় জাবি চবি রাবি

প্রথম পৃষ্ঠার পর

নতুন ভিসি নিয়োগ করা হয়েছে। একই সঙ্গে পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ফরহাদ হোসেইন প্রো-ভিসি পদে নিয়োগ পেয়েছেন। গতকাল তাদের নিয়োগ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের পৃথক চিঠি বিশ্ববিদ্যালয় প্রশাসন পেয়েছে বলে জানিয়েছেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আবু বক্কর সিদ্দিক।

শিক্ষা মন্ত্রণালয়ের উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২) মো. রইস উদ্দিন স্বাক্ষরিত চিঠিতে বলা হয়েছে, অধ্যাপক শরিফ এনামুল কবিরকে বিশ্ববিদ্যালয় আইন ১৯৭৩-এর ১১(২) ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের ভিসি পদে চার বছরের জন্য অথবা সিনেট কর্তৃক নির্বাচনের মাধ্যমে তিনজনের প্যানেল হতে নতুন ভিসি নিয়োগ না হওয়া পর্যন্ত অথবা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত (যা পূর্বে ঘটে) নিয়োগ দেয়া হলো।

এছাড়া বিশ্ববিদ্যালয় আইন ১৯৭৩-এর ১৫(১) ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি পদে ফরহাদ হোসেইনকে চার বছরের জন্য নিয়োগ দেয়া হয়েছে বলে আরেকটি চিঠিতে বলা হয়।

এদিকে চবি রিপোর্টার জানান, প্রফেসর ড. আবু ইউসুফ আলমকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি নিয়োগ করা হয়েছে। তিনি একই বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রফেসর। একই সাথে প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মো: আলাউদ্দিনকে প্রো-ভিসি হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। গতকাল (মঙ্গলবার) বিকেলে তাদের নিয়োগ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের পৃথক চিঠি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের হাতে পৌঁছেছে বলে জানিয়েছেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: জহুরুল ইসলাম।

চিঠিতে বলা হয়, বিশ্ববিদ্যালয় আইন ১৯৭৩-এর ১১(২) ধারা অনুযায়ী প্রফেসর ড. আবু ইউসুফ আলমকে চার বছরের জন্য অথবা সিনেট কর্তৃক ভিসি প্যানেল নির্বাচন না হওয়া পর্যন্ত তিনি দায়িত্ব পালন করবেন। এছাড়া বিশ্ববিদ্যালয় আইন ১৯৭৩-এর ১৪(১) ধারা অনুযায়ী প্রো-ভিসি পদে ড. মো: আলাউদ্দিনকে চার বছরের জন্য নিয়োগ দেয়া হয়।

তার আগে শিক্ষা মন্ত্রণালয়ের অপর একটি পত্রে ভিসি প্রফেসর ড. বদিউল আলমকে অব্যাহতি দেয়া হয়। বিএনপি-জামায়াত জোট সরকারের সময়ে বিগত ২০০৬ সালের ৮ ফেব্রুয়ারী তিনি ভিসির দায়িত্ব গ্রহণ করেছিলেন। তবে বিগত ২০০৫ সালের ১৩ নভেম্বর থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি পদটি শূন্য ছিল।

রাবি সংবাদদাতা জানান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি হলেন বিশ্ববিদ্যালয়ের ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক প্রফেসর মো: আব্দুস সোবহান। অন্যদিকে প্রো-ভিসি ও কোষাধ্যক্ষ হিসেবে নিয়োগ পেয়েছেন যথাক্রমে মনোবিজ্ঞান বিভাগের শিক্ষক প্রফেসর মুহম্মদ নুরুল্লাহ এবং অর্থনীতি বিভাগের অবসরপ্রাপ্ত শিক্ষক অধ্যাপক আব্দুর রহমান।

গতকাল বিকেলে প্রেসিডেন্ট ও চ্যান্সেলরের আদেশক্রমে উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২) মো: রইসউদ্দিন স্বাক্ষরিত পৃথক তিনটি প্রজ্ঞাপনের মাধ্যমে এ নিয়োগ প্রদান করা হয়। প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, রাবি'র সাময়িকভাবে দায়িত্বপ্রাপ্ত ভিসি অধ্যাপক ড. মামুনুল কেরামতকে ভিসির দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করে উক্ত বিশ্ববিদ্যালয়ের সিনেট কর্তৃক নির্বাচনের মাধ্যমে তিনজনের প্যানেল হতে নিয়োগ না হওয়া পর্যন্ত রাবি'র ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক প্রফেসর মো: আব্দুস সোবহানকে পূর্ত সাপেক্ষে ভিসি পদে নিয়োগ প্রদান করা হয়েছে।

অন্যদিকে প্রজ্ঞাপনে মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. নুরুল্লাহকে পূর্ত সাপেক্ষে প্রো-ভিসি পদে নিয়োগ এবং অর্থনীতি বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক আব্দুর রহমানকে পূর্ত সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার পদে নিয়োগ দেয়া হয়েছে।

এদিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি হিসাবে প্রফেসর ড. মেসবাহ উদ্দীন আহমদ আজ দায়িত্ব নিতে যাচ্ছেন। গতকাল মঙ্গলবার বেলা ১২টায় শিক্ষা মন্ত্রণালয়ের বিশেষ দূত নিয়োগের বিষয়টি চিঠির মাধ্যমে নিশ্চিত করেছে বলে জানিয়েছেন তিনি। গতকাল নতুন ভিসি হিসাবে তার প্রতিক্রিয়া জানতে চাইলে তিনি ইনকিলাবকে জানান, আমি সকলের সহযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে একটি মডেল বিশ্ববিদ্যালয় হিসাবে দাঁড় করার চেষ্টা করব।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রধানমন্ত্রী শেখ হাসিনা দায়িত্ব নেয়ার দিন থেকে আগামী চার বছরের জন্য এ নিয়োগ দিয়েছেন। জানা গেছে, তিনি ব্যক্তি হিসাবে ঝর্ণাঢ্য জীবনের অধিকারী ছিলেন। তার শিক্ষাজীবনে সব ক্লাসে প্রথম বিভাগের অধিকারী হয়েছেন। তিনি ঢাকার নবাবপুর সরকারী উচ্চবিদ্যালয় থেকে ১৯৬২ সালে এসএসসি ও ঢাকার ঐতিহ্যবাহী নটরডেম কলেজ থেকে ১৯৬৪ সালে এইচএসসি পাস করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ বিভাগ থেকে ১৯৬৭ সালে অনার্স এবং ১৯৬৮ সালে মাস্টার্স শেষ করেন। পরবর্তী বছর থেকে শেকৃষ্টারার হিসাবে নিজ বিভাগে যোগদান করে কর্মজীবন শুরু করেন। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডীন ও কবি নজরুল হলের প্রভোস্ট এবং শিক্ষক সমিতির সাবেক ভাইস প্রেসিডেন্ট ছিলেন তিনি।

শাবি সংবাদদাতা ঃ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি হিসেবে নিয়োগ পেলেন প্রফেসর ড. সালেহউদ্দিন। গতকাল মঙ্গলবার তার নিয়োগ সংক্রান্ত চূড়ান্ত নথিপত্র বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে পৌঁছায়। অন্যদিকে সাবেক ভিসি প্রফেসর ড. এম আমিনুল ইসলাম গতকাল রাতেই তার প্রয়োজনীয় মালপত্র নিয়ে ক্যাম্পাস ত্যাগ করেছেন বলে জানা গেছে। জানা যায়, গত কয়েকদিন ধরেই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নতুন ভিসি নিয়োগ নিয়ে নানা জল্পনা-কল্পনা চলে আসছিল। বিভিন্ন মিডিয়ারও শাবির ভিসি পরিবর্তন ও সম্ভাব্য নতুন ভিসিদের নাম উঠে আসছিল। আলোচনায় উঠে আসা সিলেটের তিন বিশিষ্ট শিক্ষাবিদের মধ্যে প্রফেসর ড. সালেহউদ্দিনের নাম ছিল অগ্রগণ্য। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর তিনি নিয়োগে বরাবরই আওলিকতার প্রাধান্য ছিল। গত জোট সরকারের শেষ কর্মদিবসে নিয়োগপ্রাপ্ত সব সরকের শেষ ভিসি প্রফেসর ড. এম আমিনুল ইসলামই ছিলেন একমাত্র বহিরাগত সিলেটের বাইরের থেকে নিয়োগপ্রাপ্ত তিনি। তার দুই বছরের দায়িত্ব পালন শেষে গতকাল চূড়ান্তভাবে প্রফেসর ড. সালেহউদ্দিনকে শাবির নতুন ভিসি হিসেবে নিয়োগ প্রদান করা হয়।